মেহেরপুরে গোপন বৈঠক চলাকালে জামায়াতের ৩ রোকন আটক

মেহেরপুর সদর উপজেলার রায়পুর খন্দকারপাড়া থেকে গোপন বৈঠক চলাকালে জামায়াতের রোকনকে আটক করেছে সদর থানা পুলিশ।

আটককৃতরা হলেন সদর উপজেলার বন্দর গ্রামের মৃত তিলক শেখের ছেলে আব্দুল জাব্বার, রাধাকান্তপুরের মৃত শিহাব উদ্দিনের ছেলে আব্দুল রউফ ও পৌর শহরের মন্ডলপাড়ার মৃত মিজানুর রহমানের ছেলে ইকবাল হোসেন।

আজ মঙ্গলবার দুপুর মেহেরপুর সদর থানা পুলিশ তাদের আটক করে।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম বলেন, ‘গোপন বৈঠক হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে এস আই জহুরুল ইসলামের নেতৃত্বে একটি টিম সদর উপজেলার রায়পুর খন্দকারপাড়ার রুহুলের বাড়িতে অভিযান পরিচালনা করে তাদের আটক করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে বাড়ির মালিক ও জামায়াতের রোকন রুহুল পালিয়ে যায়। আটককৃতদের আদালতে নেওয়ার প্রক্রিয়া চলছে। ‘

মেহেরপুরে হেরোইনসহ পুলিশ সদস্য ও তার সহযোগী আটক

মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর সীমান্ত থেকে আশরাফুল ইসলাম নামের এক পুলিশ সদস্যসহ দুইজনকে আটক করেছে বিজিবি। এ সময় তাদের কাছ থেকে ৩২ পুরিয়া (৩ গ্রাম) হেরাইন উদ্ধার করা হয়। জব্দ করা হয়েছে একটি মোটর সাইকেল।

সোমবার বিকালে তাদের আটক করার পর রাতে সদর থানায় মামলা দায়ের শেষে হস্তান্তর করা হয়। আটক আশরাফুল ইসলাম (৪০) মুজিবনগর উপজেলার পরানপুর গ্রামের সাবেক ইউপি সদস্য আফসার উদ্দীনের ছেলে। তিনি ঢাকা মেট্রোপলিটনে কোর্ট পুলিশে কর্মরত রয়েছেন। এবং সবুজ

হোসেন (২৩) সদর উপজেলার রাইপুর গ্রামের মঞ্জু শেখের ছেলে।



বাজিতপুর বিজিবি ক্যাম্প
কমান্ডার আলাউদ্দীন
বলেন, ‘কাটাতারের এপারে
ভারতীয় গ্রাম বিষ্টুগঞ্জ
থেকে হেরোইন নিয়ে
কয়েকজন মাদক ব্যাবসায়ী
বাংলাদেশে প্রবেশ করছে।
এমন সংবাদের ভিত্তিতে
বাজিতপুর ক্যাম্পের
বিজিব সদস্যদের একটি দল
অবস্থান নেয়। সীমান্তের
১২০ নম্বর মেইন পিলার
হয়ে ঐ মাদক ব্যবসায়ীরা একটি মোটরসাইকেলযোগে বাজিতপুর গ্রামের পাকা রাস্তার উপরে উঠলে বিজিবি সদস্যরা তাদের গতিরোধ করে। এ সময় আটক করা হয় পুলিশ সদস্য আশরাফুল ইসলাম ও তার সহযোগী সবুজ হোসেনকে। সবুজের শরীর তল্লাশী চালিয়ে ৩২ পুরিয়া হেরোইন উদ্ধার করা হয়। যার ওজন তিন গ্রাম। জব্দ করা হয় একটি ১১০ সিসি হোন্ডা মোটরসাইকেল।’

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম বলেন, ‘আসামীদের সদর থানায় হস্তান্তর করা হয়েছে। তাদের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে একটি মামলা দায়ের করা হয়েছে। আগামীকাল মঙ্গলবার আসামীদের আদালতে সোপর্দ করা হবে।’

তিনি আরো বলেন,’আসামী আশরাফুল ইসলাম একজন পুলিশ সদস্য। সে ঢাকা মেট্রোপলিটন কোর্টে কর্মরত রয়েছে। তবে বর্তমানে সে সাসপেনসনে রয়েছ।’

গাংনীতে দি হাঙ্গার প্রজেক্টের

উদ্যোগে কন্যা শিশু দিবস পালিত

দি হাঙ্গার প্রজেক্ট ও জাতীয় কন্যা শিশু এডভোকেসী ফোরামের যৌথ আয়োজনে একযোগে গাংনী উপজেলার ৭ টি ইউনিয়নে পালন করা হয় আলোচনা সভা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান।

আজ সোমবার সকালে ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত অনুষ্ঠানে অত্র স্কুলের প্রধান শিক্ষক রোকনুজ্জামান এর সভাপতিত্বে এবং দি হাঙ্গার প্রজেক্টের ইউনিয়ন সমন্বয়কারী তানজীদ আহমেদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা নাছিমা খাতুন,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিএফজি সমন্বয়কারী সাংবাদিক রফিকুল আলম বকুল, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইকবাল হোসেন, সানঘাট মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহায়ক হযরত আলীসহ ধানখোলা ইউনিয়নের ৫ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিনিধিরা। আলোচনা সভা শেষে পুরষ্কার বিতরণ করা হয়।

সাংবাদিক রফিকুল আলম বকুল তার বক্তব্যে জাতীয় কন্যা শিশু দিবসের তাৎপর্য ও গুরুত্ব নিয়ে মতবিনিময় সভায় বিস্তারিত আলোচনা তুলে ধরেন এবং কন্যাদের অধিকার নিয়ে কথা বলেন।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা বিষয়ক কর্মকতা নাছিমা খাতুন একজন কন্যা হিসাবে তাঁর নিজের জীবনের অভিজ্ঞতা ও বিভিন্ন সমস্যার কিভাবে মোকাবিলা করেছেন সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি কন্যা শিশুদের জন্য সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। মহিলা বিষয়ক অধিদপ্তরসহ সরকারের বিভিন্ন বিভাগ কন্যা শিশুদের অধিকার নিয়ে কথা বলেন।

এছাড়া গাংনীর উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নে করমদি মাধ্যমিক বিদ্যালয় আলোচনা সভা ও পুরষ্কার বিতরণ করা হয় সভায় সভাপতিত্ব করেন করমদি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মু. আলম হোসাইন । অতিথি ছিলেন করমদি কলেজের প্রভাষক আবু সাদাত মোহাম্মদ সায়েম।

গাংনীর কাথুলি ইউনিয়নের ধলা মাধ্যমিক বিদ্যালয়ে সভাপতিত্ব করেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আনোয়ার

হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম । বিশেষ অতিথি ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট এলাকা সমন্বয়কারী হেলাল উদ্দিন।

গাংনীর সাহারবাটি ইউনিয়নের জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে সভাপতি করেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

বিশেষ অতিথি ছিলেন জাতীয় কন্যাশিশু শিশুর অ্যাডভোকেসি ফোরাম, মেহেরপুর জেলা সভাপতি মোঃ সিরাজুল ইসলাম ও বিশেষ অতিথি বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক দিলারা জামান।

মেহেরপুরে জেলা কমান্ড্যান্টের মতবিনিময় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, মেহেরপুরের বিভিন্ন উপজেলার কর্মকর্তা-কর্র্মচরী, ভাতাভোগী সদস্য-সদস্যা ও ইউনিয়ন দলনেতা/দল নেত্রীদের সাথে নব যোগদানকৃত জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্রদত্ত এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার জেলা কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্রদত্ত তার বক্তব্যে বলেন, জেলা কমান্ড্যান্ট বাহিনীর সুনামকে বৃদ্ধি কল্পে অধিকতর তৎপর হওয়া এবং অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালনের মাধ্যমে জেলার কার্যক্রমে গতিশীলতা আনয়নে সকলের সহযোগিতার আশাবাদ ব্যক্ত করেন।

এছাড়াও গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাহিনীর মহাপরিচালক কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও গৃহীত পদক্ষেপ সমূহ সম্পর্কে উক্ত সভায় সকলকে অবহিত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সার্কেল অ্যাডজুটান্ট মোঃ আল-মামুন, মুজিবনগর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোঃ মিরাজুল ইসলাম,

গাংনী উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, সদর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) টিআই ফেরদৌসী বানু প্রমুখ।

মেহেরপুরে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উদযাপন

মেহেরপুরে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ -২০২৩ উদযাপন উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

জেলা শিশু একাডেমির আয়োজনে আজ সোমবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে “শিশুদের জন্য বিনিয়োগ করি, ভবিষ্যতের বিশ্ব গড়ি” এই প্রতিপাদ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।



আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আব্দুল কাদির মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন-অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অথ) কামরুল আহসান, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আয়ুব হোসেন। এর আগে জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের নেতৃত্বে একটি র্যালি শিশু একাডেমি চত্বর থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা শিল্পকলা একাডেমি চত্বরে গিয়ে শেষ হয়।

মেহেরপুরে বিশ্ব বসতি দিবস পালিত

‘স্থিতিশীল নগর অর্থনীতির প্রবৃদ্ধি ও পুনরুদ্ধারে টেকসই নগর সমূহই চালিকা শক্তি’ পতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব বসতি দিবস ২০২৩ পালন করা হয়েছে।

আজ সোমবার সকালে জেলা প্রশাসন ও গণপূর্ত বিভাগের আয়োজনে এ উপলক্ষে আলোচনা সভা ও র্যালি অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক শামীম হোসেন নেতৃত্বে জেলা প্রশাসক কার্যালয় থেকে একটি র্যালি শহরের প্রধান সড়ক পদক্ষেণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশ্ব বসতি দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মো: শামীম হাসানের সভাপতিত্বে জেলা অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক আব্দুল কাদির মিয়া, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শম্ভুরাম পাল, এনডিসি গোলাম রাব্বানী সোহেল, টিটিসির অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এজিএম সিরাজুম মুনির প্রমুখ।

গাংনী উপজেলা আওয়ামী লীগের শান্তি সমাবেশে -এমপি সাহিদুজ্জামান

আওয়ামীলীগ ক্ষমতায় না থাকলে সন্ধায় বোমা ফাটবে,শান্তির ঘুম হারাম হয়ে যাবে। মুখ থুবড়ে পড়বে দেশের উন্নয়ন। ম্লান হয়ে যাবে

স্মার্ট বাংলাদেশের দেখা স্বপ্ন। বাজার থেকে কেউ টাকা নিয়ে বাড়ি ফিরতে পারবে না। নিরাপদে পথ চলাচল বন্ধ হয়ে যাবে। নিরাপদে পথ চলতে হলে,শান্তিতে ঘরে থাকতে চাইলে, এবং দেশের উন্নয়ন দেখতে চাইলে আবারো আওয়ামী লীগ সরকারকে ক্ষমতায় বসানোর জন্য সকলের প্রতি অনুরোধ জানিয়ে নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করার আহ্বান জানিয়েছেন। গাংনী উপজেলা আওয়ামী লীগের আয়োজিত বিশাল শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় এমপি সাহিদুজ্জামান এসব কথা বলেন।

তিনি আরো বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় এলেই গ্রামীণ জনপদের উন্নয়ন হয়,শহর থেকে গ্রামগঞ্জেও উন্নয়ন হয়। আর বিএনপি ক্ষমতায় এলে উন্নয়নের পরিবর্তে ডাকাতি হয় ও বোমা ফাটে।মানুষের মধ্যে বাড়ে শুধু আতঙ্ক আর আতঙ্ক। শান্তিতে থাকতে হলে আওয়ামী লীগকে ভোট দেওয়ার কোন বিকল্প নেই।।

রবিবার বিকেলে গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ড এলাকার রেজাউল চত্বরে বিশাল শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা আওয়ামী লীগ আয়োজিত শান্তি সমাবেশে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা হাজী মোহাম্মদ মহসিন আলী, যুব মহিলা লীগের সভানেত্রী এমপি পিৎল লাইলা আরজুমান বানু শিলা,,স্বেচ্ছাসেবক লীগ নেতা আবুল বাসার,সাহারবাটী ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,বামন্দী ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপু। সমাবেশ পরিচালনা করেন গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মেম্বার, আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দসহ প্রায় সাত সহস্রাধিক নারী-পুরুষ।

মেহেরপুরে নবনির্মিত আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবনের উদ্বোধন

মেহেরপুরে ৪ কোটি ১২ লাখ টাকা ব্যয়ে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে নবনির্মিত আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবনের উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার দুপুরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবনের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল নুরুল আনোয়ারের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান, স্বরাস্ট্র মন্ত্রনালয়ের সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব খায়রুল কবীর মেনন, আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক ও যুগ্ন সচিব ছারোয়ার হোসেন, পুলিশ সুপার রাফিউল আলম, ভারপ্রাপ্ত জেলা প্রশাসক শামীম হোসেন।

এছাড়াও অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক সহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা সহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ।

মেহেরপুর আমঝুপিতে লিংকেজ শেয়ারিং সভা অনুষ্ঠিত

সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে সেবা গ্রহীতাদের সেতুবন্ধনে গতকাল সকাল ১০টার দিকে মউকের হলরুমে এক লিংকেজ শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি’র সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সরকারি সেবার ধরণ ও করণীয় তুলে

ধরে বক্তব্য রাখেন জেলা প্রাণী সম্পদ অফিসার ডাঃ সাইদুর রহমান।

সভায় প্রাণী সম্পদ এর মাধ্যমে বিভিন্ন সেবার ধরণ, সেবার পরিধি ও সেবা প্রাপ্তির অধিকার বিষয়ে বিশদ আলোচনা করেন। সভায় জনসমবায় দলের ৩০জন নারী দলের সদস্যগণ উপস্থিত ছিলেন। সভাটি পরিচালনা করেন মউকের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন বিপ্লব।

মুজিবনগরে জাতীয় কন্যাশিশু দিবস পালন

“বিনিয়োগে অগ্রাধিকার কন্যাশিশুর অধিকার” এই প্রতিপাদ্যে মুজিবনগরে জাতীয় কন্যাশিশু দিবস-২০২৩ পালন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, দিবসটি উপলক্ষে রবিবার বিকেলে মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বর থেকে একটি র্যালী বের করা হয় র্যালীটি সড়ক প্রদক্ষিণ করে শেষ হয়ে, অফিস প্রাঙ্গনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানাজার বিভোব দেওয়ান এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

আলোচনা সভায় উপস্হিত থেকে বক্তব্য রাখেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, বল্লভপুর মিশন মাধ্যমিক লুক হরেন্দ্র বিশ্বাস, গুডনেইবারর্স এর আবাসিক মেডিকেল অফিসার ডা: শুভকুমার,এডমিন অফিসার অশোক মালাকার, সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন। আলোচনা সভায় উপস্থিত অতিথিবৃন্দ দিবসটি উদযাপনের উদ্দেশ্য ও দিবসের তাৎপর্য, বর্তমান প্রেক্ষাপটে কন্যা শিশুদের অবস্থান অধিকার, বয়:সন্ধিকালে কন্যা শিশুদের শারিরীক ও মানসিক যত্ন, কন্যা শিশুদের স্বপ্ন পূরণে শিক্ষার গুরত্ব,কন্যা শিশুদের সুরক্ষায় সকলের সম্মিলিত উদ্যোগ, সামাজিকভাবে শিশু শ্রম প্রতিরোধে করণীয় সম্পর্কে বিস্তারিত

আলোচনা করেন।

পরিশেষে দিবস সংক্রান্ত ২ জন অংশগ্রহণকারীর মতামত প্রকাশ এবং পরিশেষে আলোচনার উপর কুইজ ও কুইজ বিজয়ীদের পুরস্কার প্রদান করা হয়। জাতীয় কন্যা শিশু দিবস পালন অনুষ্ঠানে এলাকার শিশু কিশোর ও মায়েরা অংশগ্রহন করে।